

## ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১০৩তম বোর্ডসভার কার্যবিবরণী।

তারিখ	:	২৮ জুলাই, ২০১১
স্থান	:	সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।
সভাপতি	:	ব্রিগেডিয়ার জেনারেল তানভির হাসান মজুমদার প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
	:	ও স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক'-এ উপস্থাপন করা হলো।

সভার শুরুতেই উপস্থিত সদস্য এবং আমন্ত্রিত অতিথিবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনাতে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় :-

আলোচ্যসূচী-১ঃ গত ৩০ জুন, ২০১১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

আলোচনা : গত ৩০ জুন, ২০১১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণের প্রস্তাব করা হয়।

সিদ্ধান্ত : গত ৩০ জুন, ২০১১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনাতে দৃঢ়করণ করা হলো।

আলোচ্যসূচী-২ঃ জুন, ২০১১ মাসের রাজস্ব আদায়/বকেয়ার হালনাগাদ তথ্যাদি অবলোকন।

আলোচনা : বিষয়টির উপর পর্যালোচনায় দেখা যায় যে, ২০১০-২০১১ আর্থিক সালে গৃহকর বাবদ মোট চলতি দাবী ৩,৮৫,০০,০০০.০০ টাকা এবং পূর্ববর্তী বছরের বকেয়া ৭৩,১১,৮৬৮.০০ টাকাসহ সর্বমোট দাবী ৪,৫৮,১১,৮৬৮.০০ টাকার মধ্যে ৩০ জুন, ২০১১ তারিখ পর্যন্ত মোট আদায় হয়েছে ৪,৪৩,৬৪,৭৩৩.০০ টাকা। যার মধ্যে জুন, ২০১১ মাসে গৃহকর বাবদ ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা থেকে ৫,২৩,২৯৮.০০ টাকা, ডিওএইচএস বনানী এলাকা থেকে ৩,৬৭,৩৮২.০০ টাকা, ডিওএইচএস মহাখালী এলাকা থেকে ১৩,৯২,০২৬.০০ টাকা, ডিওএইচএস বারিধারা এলাকা থেকে ১৩,৮৫,৮৪০.০০ টাকা, ডিওএইচএস মিরপুর এলাকা থেকে ৫৮,০৯২.০০ টাকা, কচুক্ষেত এলাকা থেকে ১,৮৪,৪১৫.০০ টাকা আদায় হয়েছে। এছাড়াও উক্ত মাসে রজনীগন্ধা সুপার মার্কেটের দোকান ভাড়া বাবদ ১৭,৪৩,১৮১.০০ টাকা আদায় হয়েছে। সর্বমোট বকেয়া ৭৩,১১,৮৬৮.০০ টাকা গৃহ করের মধ্যে কচুক্ষেত এলাকার বকেয়া ২২,৯৫,২৩৪.০০ টাকা। যা আদায়ের জন্য পদক্ষেপ নেয়া প্রয়োজন মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : মে, ২০১১ মাসের রাজস্ব আদায় সন্তোষজনক। তবে কচুক্ষেত পুরান বাজার এলাকার গৃহকর আদায়ের নিমিত্ত যথাযথ পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৩ঃ জুন, ২০১১ মাসের আয়-ব্যয়ের হিসাব।

আলোচনা : বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, জুন, ২০১১ মাসে বোর্ড ফান্ডে রজনীগন্ধা টাওয়ারের ইজারা ও অনুদান বাবদ প্রাপ্ত অর্থসহ মোট ৩,৯৬,৫৯,৯৭৩/৭৮ টাকা রাজস্ব আয় হয়েছে এবং কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতা, নৈমিত্তিক ব্যয়, সংস্কার-মেরামত ও প্রকল্প বাবদ ৪,৯২,১২,২৯৩/- টাকা ব্যয় হয়েছে। ক্যান্টনমেন্ট বাজার ও ডিওএইচএসসমূহ হতে জুন, ২০১১ মাসে ৩,৪৮,৫১,৭৪৭.০০/- টাকা আয় হয়েছে এবং বিভিন্ন প্রকল্প বাবদ ১,৯৩,৩২,৬৯৮.০০/- টাকা ব্যয় হয়েছে।

সিদ্ধান্ত : জুন, ২০১১ মাসের আয় ও ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো।

চলমান পাতা-২



আলোচ্যসূচী-৪ঃ জুন, ২০১১ মাসের স্বাস্থ্য প্রতিবেদন।

আলোচনাঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা সেনানিবাসে পরিষ্কার-পরিচ্ছন্নতা সন্তোষজনক অবস্থায় আছে। তবে মশার উপদ্রব বৃদ্ধি পেয়েছে এবং সেনানিবাস ও ডিওএইচএস এর কিছু কিছু এলাকায় এডিস মশা বিস্তারের প্রমাণ পাওয়া গেছে। ড্রেনেজ ব্যবস্থা সন্তোষজনক অবস্থায় আছে মর্মে সভাকে অবহিত করা হয়।

সিদ্ধান্তঃ স্টেশন হেলথ অর্গানাইজেশন কর্তৃক ঢাকা সেনানিবাসে সকল ব্রিডিং স্পটে এবং ডিওএইচএসসমূহে সপ্তাহে অন্ততঃ এক দিন সিডিউল মোতাবেক কীটনাশক স্প্রে করার সিদ্ধান্ত গৃহীত হলো। এ বিষয়ে স্টেশন সদর দপ্তর এবং সংশ্লিষ্ট ডিওএইচএস পরিষদের সাথে সমন্বয় করে কাজ সম্পাদন করতে হবে।

আলোচ্যসূচী-৫ঃ ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানঃ-

ক্রমিক নং	প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম	বিক্রেতার/আবেদনকারীর নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ	ক্রেতা/গ্রহীতার নাম ও ঠিকানা	ডিজিএফআই এর ছাড়পত্র নম্বর ও তারিখ	মন্তব্য
(১)	বাড়ী#১৬/এইচ, ফ্ল্যাট#বি-৪, রোড#২/এ, ক্যান্টনমেন্ট আ/এ, ঢাকা সেনানিবাস।	জনাব জনাব মুহাম্মদ ফারুক খান চেয়ারম্যান, সামিট প্রপার্টিজ এন্ড কনস্ট্রাকশন কোম্পানী (প্রাঃ) লিঃ ১৮, কাওরান বাজার বা/এ, ঢাকা- ১২১৫। তারিখঃ ২০ মে, ২০১১	মিসেস উম্মে কুলসুম স্বামী- লেঃ কর্ণেল ফরিদুল মাহমুদ বাড়ী#১৬/এইচ, ফ্ল্যাট#বি-৪, রোড#২/এ, ক্যান্টনমেন্ট আ/এ, ঢাকা সেনানিবাস।	১৪ জুলাই, ২০১১ তারিখের ১৩০০/১২০/৫৭/৫ নং পত্র।	ফ্ল্যাটের আয়তন- ১৫৫০ বর্গফুট বার্ষিক গৃহকর- ৯,০০০/- টাকা জুন, ২০১১ পর্যন্ত পরিশোধ অননুমোদিত নির্মাণের জন্য ধার্যকৃত ৭২,৩০০/- টাকা পরিশোধ করা হয়েছে। বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই।

আলোচনাঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ২/এ নং রোডে ১৬/এইচ নং প্লটে নির্মিত বাড়ীর ১৫৫০ বর্গফুট বিশিষ্ট বি-৪ নং ফ্ল্যাটটি মিসেস উম্মে সালমা, স্বামী- লেঃ কর্ণেল ফরিদুল মাহমুদ এর নিকট বিক্রয়ের জন্য জনাব মুহাম্মদ ফারুক খান, চেয়ারম্যান, সামিট প্রপার্টিজ এন্ড কনস্ট্রাকশন কোম্পানী (প্রাঃ) লিঃ গত ২০ মে, ২০১১ তারিখে আবেদন করেন। এ বিষয়ে প্রয়োজনীয় ছাড়পত্রের জন্য ডিজিএফআই-তে প্রেরণ করা হলে সদর দপ্তর প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ১৪ জুলাই, ২০১১ তারিখের ১৩০০/১২০/৫৭/৫ নং পত্রের মাধ্যমে নিরাপত্তা ছাড়পত্র প্রদান করা হয়েছে। আলোচ্য প্লটে নির্মিত বাড়ীর অননুমোদিত নির্মাণের জন্য ধার্যকৃত ৭২,৩০০/- টাকা পরিশোধ করা হয়েছে। ফ্ল্যাটটির বাৎসরিক গৃহকর ৯,০০০/- টাকা যা জুন, ২০১১ পর্যন্ত পরিশোধ করা হয়েছে। উক্ত প্লটে বরাদ্দের অতিরিক্ত কোন জমি নেই।

সিদ্ধান্তঃ ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ২/এ নং রোডে ১৬/এইচ নং প্লটে নির্মিত বাড়ীর ১৫৫০ বর্গফুট বিশিষ্ট বি-৪ নং ফ্ল্যাটটি মিসেস উম্মে সালমা, স্বামী- লেঃ কর্ণেল ফরিদুল মাহমুদ এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৬ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ রজনীগন্ধা টাওয়ার এন্ড ওয় তলার ৩৩ নং দোকান হস্তান্তর প্রদান।

আলোচনাঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটে নির্মাণাধীন রজনীগন্ধা টাওয়ারে দোকান ইজারা প্রদানের নিমিত্তে ৭/৭/২০১০ তারিখে দরপত্র আহবান করা হলে ওয় তলার-৩৩ নং দোকানের জন্য জনাব মোঃ আনোয়ার হোসেন ২৪,৪০,০০০/- (চব্বিশ লক্ষ চল্লিশ হাজার) টাকার দর দাখিল করেন। প্রাপ্ত দরটি ২৯/৭/২০১০ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১১ এর সিদ্ধান্তমূলে অনুমোদিত হয় এবং সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ০৯/৯/২০১০ তারিখের ৭/এমএলএভিসি/ঢাকা/৪৭৭/শা-৮/১৫৩ নং পত্রের মাধ্যমে উক্ত দর অনুমোদন করা হয়। ইজারাগ্রহীতা পারিবারিক ও আর্থিক সমস্যাজনিত কারণে সংশ্লিষ্ট দোকানটি গ্রুপ ক্যাপ্টেন (অবঃ) এম হাসীবুল হাসান, পিতা-মরহুম আবদুস সামাদ এর নিকট বিক্রয়/হস্তান্তরের জন্য ৪/৫/২০১১ তারিখে এবং গ্রুপ ক্যাপ্টেন (অবঃ) এম হাসীবুল হাসান ৪/৫/২০১১ তারিখে দোকানটি ক্রয়ের অনুমতি চেয়ে অত্র দপ্তরে আবেদন করেছেন। উল্লেখ্য যে, ইজারাগ্রহীতা ইতোমধ্যেই উল্লেখিত দোকানের ০১ কিস্তির আংশিক সালামীর টাকা অত্র দপ্তরে জমা করেছেন।

সিদ্ধান্তঃ দোকান ইজারা সমুদয় অর্থ পরিশোধ সাপেক্ষে প্রস্তাবিত ক্রেতার নিকট বিধি মোতাবেক দোকান হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।



- আলোচ্যসূচী-৭ঃ নির্মাণকারী সংস্থা 'জেনেটিক লিমিটেড' কর্তৃক জমাকৃত নিরাপত্তা জামানত ফেরত প্রদান।
- আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস মহাখালী এলাকার বি/১৮৪ নং প্লটে বাড়ী নির্মাণের নিমিত্তে নির্মাণকারী সংস্থা জেনেটিক লিমিটেড কর্তৃক ডেভলোপার হিসেবে তালিকাভুক্ত হওয়ার জন্য নিরাপত্তা জামানত বাবদ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ১৬/১/২০০৮ তারিখে পে-অর্ডার নং- ০৫৭৮৬৪৯ এর মাধ্যমে অত্র দপ্তরে জমা করেছেন। উক্ত প্রতিষ্ঠান কর্তৃক বাড়ী নির্মাণ কাজ সমাপ্ত হওয়ায় অত্র দপ্তরে জমাকৃত ১,০০,০০০/- টাকা ফেরৎ চেয়ে ১৩/৭/২০১১ তারিখে আবেদন করেছেন।
- সিদ্ধান্ত : সংশ্লিষ্ট ডেভলোপারের বিরুদ্ধে কোন অভিযোগ না থাকলে জমাকৃত অর্থ ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।
- আলোচ্যসূচী-৮ঃ কচুক্ষেত পুরাতন বাজার এলাকার সিবি-৬৮ নং প্লটে নির্মিত বাড়ীর ডি-৩ নং ফ্ল্যাটের বাৎসরিক গৃহকর কমানো।
- আলোচনা : বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, কচুক্ষেত পুরান বাজার এলাকাস্থিত সিবি-৬৮ নং বাড়ীর ৯৫০ বর্গফুট বিশিষ্ট ডি/৩ নং ফ্ল্যাটটি ক্রয়সূত্রে মালিক জনাব মোঃ আনোয়ার হোসেন (মুজিবোদ্ধা)। উক্ত ফ্ল্যাটে তিনি নিজে বসবাস করেন। ফ্ল্যাটটির সম্ভাব্য ভাড়া ৭,০০০/- টাকার ভিত্তিতে নিজ বসতি সুযোগ বাদ দিয়ে ২০১০-২০১১ আর্থিক সনে ৫,২৫০/- টাকা বার্ষিক গৃহকর ধার্য করা হয়। বাংলাদেশ মুজিবোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল কর্তৃক ১১/১/২০১১ তারিখে সুপারিশকৃত জনাব মোঃ আনোয়ার হোসেনের (মুজিবোদ্ধা) ২৬/১২/২০১০ তারিখের আবেদনের প্রেক্ষিতে উক্ত ফ্ল্যাটের বার্ষিক গৃহকর ৫,২৫০/- টাকার স্থলে ৪,২০০/- টাকা পুনঃ নির্ধারণ করা হয় এবং অত্র দপ্তরের ১৮/৪/২০১১ তারিখের ঢাক্যাবো/কচুক্ষেত/সিবি-৬৮(ফ্ল্যাট-ডি-৩/২৮ নং পত্রের মাধ্যমে ধার্যকৃত গৃহকর পরিশোধের জন্য অনুরোধ করা হয়। জনাব মোঃ আনোয়ার হোসেন (মুজিবোদ্ধা) ধার্যকৃত গৃহকর ৫০% কমিয়ে পুনঃ নির্ধারণ করার জন্য ১৩/৬/২০১১ তারিখে অত্র দপ্তরে পুনরায় আবেদন করেন।
- সিদ্ধান্ত : ধার্যকৃত গৃহকর পুনরায় কমানোর অবকাশ নেই। বিষয়টি আবেদনকারীকে অবহিত করা হোক।
- আলোচ্যসূচী-৯ঃ রজনীগন্ধা টাওয়ার এবং স্বাধীনতা সরণির পশ্চিম প্রান্তের মার্কেটের দোকান/ডাক্তার চেম্বার এর ইজারার দর অনুমোদন।
- আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটের উত্তর পার্শ্বে নির্মাণাধীন 'রজনীগন্ধা টাওয়ার'-এ দোকান/ডাক্তার চেম্বার ৬৩ টি এবং স্বাধীনতা সরণির পশ্চিম প্রান্তে নির্মিত মার্কেটের ০১ টি দোকানসহ মোট ৬৪ টি দোকান/ডাক্তার চেম্বার ইজারা প্রদানের নিমিত্তে 'দৈনিক ইত্তেফাক' ও 'দৈনিক সমকাল' পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে ১৪/৭/২০১১ তারিখে দরপত্র আহবান করা হলে তলা ভিত্তিক নিম্নোক্ত দোকানসমূহের বিপরীতে দর পাওয়া যায় :-



পাতা-৪

রজনীগন্ধা টাওয়ার :

ক্র/নং	দর দাতার নাম ও ঠিকানা	দোকান নম্বর	আয়তন	সরকারী দর প্রতি বর্গফুট	উদ্ধৃত দর		প্রাপ্ত দরপত্র
					প্রতি বর্গফুট	মোট টাকা	
১।	জনাব মোঃ খলিলুর রহমান	১ম তলা-২০	১২০.৬৬	১৭,০০০/-	২৩,৮০৯/৫২	২৭,৮০,০০০/-	০৩ টি
২।	ক্যাঃ (অবঃ) সৈয়দ সাখাওয়াত হোসেন	২য় তলা-০১	১৩৪.৪৫	১৬,০০০/-	১৯,৯৯৯/-	২৬,৮৮,৮৬৫/৫	০১ টি
৩।	জনাব এম এম মিজানুর রহমান	২য় তলা-০৮	১২১.৭৬	১৬,০০০/-	২৩,৫০০/-	২৮,৬১,৩৬০/-	০৬ টি
৪।	কমাঃ শফিকুল ইসলাম (অবঃ)	২য় তলা-২৪	১২১.৭৩	১৬,০০০/-	১৯,৯৯৯/-	২৪,৩৪,৪৭৮/২	০১ টি
৫।	জনাব এ বি এম ফারুক হোসেন	৩য় তলা-১৮	১৩৬.৬৫	১৫,০০০/-	১৭,৫৫৫/-	২৩,৯৮,৮৯০/৭	০৪ টি
৬।	রোমানা ইয়াসমীন মাস্ট্রা	৩য় তলা-২৩	১৩১.১৯	১৫,০০০/-	১৭,২০০/-	২২,৫৬,৪৬৮/-	০১ টি
৭।	কর্ণেল (ডাঃ) মোহাঃ মজিবুর রহমান	৫ম তলা-৪ (ডাক্তার চেম্বার)	১২০.০০	১৪,০০০/-	১৮,৩৫০/-	২২,০২,০০০/-	০১ টি
৮।	ক্যাঃ (ডাঃ) মোঃ খায়রুল আলম	৫ম তলা-৫ (ডাক্তার চেম্বার)	১২০.০০	১৪,০০০/-	১৫,১৫০/-	১৮,১৮,০০০/-	০২ টি
৯।	ডাঃ শফিউর রহমান	৫ম তলা-৬ (ডাক্তার চেম্বার)	১১০.০০	১৪,০০০/-	১৭,১০০/-	১৮,৮১,০০০/-	০১ টি
১০।	ডাঃ কর্ণেল মোঃ ওবায়দুর রহমান শাহ	৫ম তলা-৭ (ডাক্তার চেম্বার)	১১০.০০	১৪,০০০/-	১৮,৫৫২/-	২০,৪০,৭২০/-	০৩ টি
১১।	কর্ণেল ডাঃ মোঃ এশামুল কবীর	৫ম তলা-৮ (ডাক্তার চেম্বার)	১১০.০০	১৪,০০০/-	১৭,০০০/-	১৮,৭০,০০০/-	০১ টি
১২।	জনাব মেসবা উস শহীদ আরমান	৫ম তলা-৯ (ডাক্তার চেম্বার)	১১০.০০	১৪,০০০/-	১৭,২৮৭/২৭	১৯,০১,৫৯৯/৭০	০১ টি
১৩।	ত্রিশোড়িয়ার জেনারেল মোঃ মোখলেসুর রহমান	৫ম তলা-১০ (ডাক্তার চেম্বার)	১১০.০০	১৪,০০০/-	১৮,৫০০/-	২০,৩৫,০০০/-	০২ টি
১৪।	ত্রিশোড়িয়ার জেনারেল মোঃ মোখলেসুর রহমান	৫ম তলা-১১ (ডাক্তার চেম্বার)	১১০.০০	১৪,০০০/-	১৯,০০০/-	২০,৯০,০০০/-	০২ টি
১৫।	ডাঃ মোঃ আসাদুজ্জামান	৫ম তলা-১২ (ডাক্তার চেম্বার)	১১৪.০০	১৪,০০০/-	১৫,১০০/-	১৭,২১,৪০০/-	০২ টি
১৬।	ডাঃ মুহাম্মদ সাখাওয়াত হোসেন	৫ম তলা-১৪ (ডাক্তার চেম্বার)	১০৮.০০	১৪,০০০/-	২২,০৪৪/৪৪	২৩,৮০,৮০০/-	০২ টি
১৭।	লেঃ কর্ণেল ডাঃ জেবুন নাহার	৫ম তলা-ল্যাব-০২	৩৬১.৬২	১৪,০০০/-	১৪,৬০২/-	৫২,৮০,৩৭৫/২	০১ টি
১৮।	লেঃ কর্ণেল ডাঃ জেবুন নাহার	৬ষ্ঠ তলা-৬ (ডাক্তার চেম্বার)	১১০.০০	১২,০০০/-	১৪,১০২/-	১৫,৫১,২২০/-	০১ টি
১৯।	ডাঃ মুহাম্মদ সাখাওয়াত হোসেন	৬ষ্ঠ তলা-৮ (ডাক্তার চেম্বার)	১১০.০০	১২,০০০/-	১৯,১০০/-	২১,০১,০০০/-	০১ টি
২০।	লেঃ কর্ণেল ডাঃ জেবুন নাহার	৬ষ্ঠ তলা-ল্যাব-০১	৩৮৪.৭৫	১২,০০০/-	১৪,১০২/-	৫৪,২৫,৭৪৪/৫	০১ টি
২১।	জনাব আমসাবা আমিন	৬ষ্ঠ তলা-অফিস-০১	১৮০৭.০	১২,০০০/-	১৩,০০১/-	২,৩৪,৯২,৮০৭/	০১ টি

স্বাধীনতা সরণির পশ্চিম প্রান্তের মার্কেট

ক্র/নং	দর দাতার নাম ও ঠিকানা	দোকান নম্বর	আয়তন	সরকারী দর প্রতি বর্গফুট	উদ্ধৃত দর		প্রাপ্ত দরপত্র
					প্রতি বর্গফুট	মোট টাকা	

প্রাপ্ত দরসমূহের মধ্যে যে সকল দোকানের বিপরীতে প্রতি বর্গফুট নির্ধারিত সরকারী দরের চেয়ে অধিক দর পাওয়া গিয়েছে সেগুলো অনুমোদন করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

চলমান পাতা-৫



সিদ্ধান্ত : নিম্নবর্ণিত দোকানসমূহের বিপরীতে প্রাপ্ত দরসমূহ অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হলো :-

ক্র/নং	মার্কেটের নাম	দর দাতার নাম ও ঠিকানা	দোকান নম্বর	আয়তন	সরকারী দর প্রতি বর্গফুট	উক্ত দর	
						প্রতি বর্গফুট	মোট টাকা
১।	রজনীগন্ধা টাওয়ার	জনাব মোঃ খলিলুর রহমান	১ম তলা-২০	১২০.৬৬	১৭,০০০/-	২৩,৮০৯/৫	২৭,৮০,০০০/-
২।		ক্যাঃ (অবঃ) সৈয়দ সাখাওয়াৎ হোসেন	২য় তলা-০১	১৩৪.৪৫	১৬,০০০/-	১৯,৯৯৯/-	২৬,৮৮,৮৬৫/৫৫
৩।		জনাব এম এম মিজানুর রহমান	২য় তলা-০৮	১২১.৭৬	১৬,০০০/-	২৩,৫০০/-	২৮,৬১,৩৬০/-
৪।		ক্যাঃ শফিকুল ইসলাম (অবঃ)	২য় তলা-২৪	১২১.৭৩	১৬,০০০/-	১৯,৯৯৯/-	২৪,৩৪,৪৭৮/২২
৫।		জনাব এ বি এম ফারুক হোসেন	৩য় তলা-১৮	১৩৬.৬৫	১৫,০০০/-	১৭,৫৫৫/-	২৩,৯৮,৮৯০/৭৫
৬।		রোমানা ইয়াসমীন মাইশা	৩য় তলা-২৩	১৩১.১৯	১৫,০০০/-	১৭,২০০/-	২২,৫৬,৪৬৮/-
৭।		কর্ণেল (ডাঃ) মোহাঃ মজিবুর রহমান	৫ম তলা-৪ (ডাক্তার চেম্বার)	১২০.০০	১৪,০০০/-	১৮,৩৫০/-	২২,০২,০০০/-
৮।		ক্যাঃ (ডাঃ) মোঃ খায়রুল আলম	৫ম তলা-৫ (ডাক্তার চেম্বার)	১২০.০০	১৪,০০০/-	১৫,১৫০/-	১৮,১৮,০০০/-
৯।		ডাঃ শফিউর রহমান	৫ম তলা-৬ (ডাক্তার চেম্বার)	১১০.০০	১৪,০০০/-	১৭,১০০/-	১৮,৮১,০০০/-
১০।		ডাঃ কর্ণেল মোঃ ওবায়দুর রহমান শাহ	৫ম তলা-৭ (ডাক্তার চেম্বার)	১১০.০০	১৪,০০০/-	১৮,৫৫২/-	২০,৪০,৭২০/-
১১।		কর্ণেল ডাঃ মোঃ এনায়েতুল কবীর	৫ম তলা-৮ (ডাক্তার চেম্বার)	১১০.০০	১৪,০০০/-	১৭,০০০/-	১৮,৭০,০০০/-
১২।		জনাব মেসবা উস শহীদ আরমান	৫ম তলা-৯ (ডাক্তার চেম্বার)	১১০.০০	১৪,০০০/-	১৭,২৮৭/২	১৯,০১,৫৯৯/৭০
১৩।		ব্রিগেডিয়ার জেনারেল মোঃ মোখলেসুর রহমান	৫ম তলা-১০ (ডাক্তার চেম্বার)	১১০.০০	১৪,০০০/-	১৮,৫০০/-	২০,৩৫,০০০/-
১৪।		ব্রিগেডিয়ার জেনারেল মোঃ মোখলেসুর রহমান	৫ম তলা-১১ (ডাক্তার চেম্বার)	১১০.০০	১৪,০০০/-	১৯,০০০/-	২০,৯০,০০০/-
১৫।		ডাঃ মোঃ আসাদুজ্জামান	৫ম তলা-১২ (ডাক্তার চেম্বার)	১১৪.০০	১৪,০০০/-	১৫,১০০/-	১৭,২১,৪০০/-
১৬।		ডাঃ মুহাম্মদ সাখাওয়াত হোসেন	৫ম তলা-১৪ (ডাক্তার চেম্বার)	১০৮.০০	১৪,০০০/-	২২,০৪৪/৪	২৩,৮৩,৮০০/-
১৭।		লেঃ কর্ণেল ডাঃ জেবুন নাহার	৫ম তলা-ল্যাব-০২	৩৬১.৬২	১৪,০০০/-	১৪,৬০২/-	৫২,৮০,৩৭৫/২৪
১৮।		লেঃ কর্ণেল ডাঃ জেবুন নাহার	৬ষ্ঠ তলা-৬ (ডাক্তার চেম্বার)	১১০.০০	১২,০০০/-	১৪,১০২/-	১৫,৫১,২২০/-
১৯।		ডাঃ মুহাম্মদ সাখাওয়াত হোসেন	৬ষ্ঠ তলা-৮ (ডাক্তার চেম্বার)	১১০.০০	১২,০০০/-	১৯,১০০/-	২১,০১,০০০/-
২০।		লেঃ কর্ণেল ডাঃ জেবুন নাহার	৬ষ্ঠ তলা-ল্যাব-০১	৩৮৪.৭৫	১২,০০০/-	১৪,১০২/-	৫৪,২৫,৭৪৪/৫০
২১।		জনাব আমসাআ আমিন	৬ষ্ঠ তলা-অফিস-০১	১৮০৭.০০	১২,০০০/-	১৬,০০১/-	২,৩৪,৯২,৮০৭/-

চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

চলমান পাতা-৬



আলোচ্যসূচী-১০ঃ ক্যান্টনমেন্ট বোর্ড অফিস ক্যান্টিন ইজারার দর অনুমোদন।

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের অফিস ক্যান্টিনটি ০১/৮/২০১১ তারিখ হতে ৩১/৭/২০১২ তারিখ পর্যন্ত (রমজান মাস ব্যতিত) সময়ের জন্য মাসিক ভাড়ার ভিত্তিতে ইজারা প্রদানের নিমিত্তে ২০/৭/২০১১ তারিখে স্থানীয়ভাবে দরপত্র আহবান করা হলে উক্ত তারিখে ০৫ (পাঁচ) টি দরপত্র পাওয়া যায়। প্রাপ্ত দরসমূহ নিম্নরূপঃ-

ক্রমিক নং	দরদাতার নাম	প্রদত্ত দর
১।	জনাব মোঃ সাজু মিয়া	১,৬০০/-
২।	জনাব আবুল কালাম	১,৫০০/-
৩।	জনাব মোঃ নবীর হোসেন মোল্লা	২,৩০০/-
৪।	জনাব মোঃ মোবারক হোসেন	১,৪০০/-
৫।	জনাব মোঃ তোফায়েল মিয়া	১,৩০০/-

উক্ত অফিস ক্যান্টিনের বিগত ০৩ বছরের অনুমোদিত ইজারা দর নিম্নরূপঃ-

সন	অনুমোদিত দর
২০০৮-২০০৯	২,১০০/-
২০০৯-২০১০	২,২০০/-
২০১০-২০১১	২,৩০০/-

সিদ্ধান্ত : জনাব মোঃ নবীর হোসেন মোল্লা কর্তৃক প্রদত্ত ২,৩০০/- (দুই হাজার তিনশত) টাকা মাসিক ভাড়ার সর্বোচ্চ দরটি অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। তবে অফিস ক্যান্টিন পরিচালনার জন্য নির্ধারিত শর্তাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।

আলোচ্যসূচী-১১ঃ সোনালী ব্যাংক লিঃ, ঢাকা সেনানিবাস কর্পোরেট শাখার ছাদে ৪০ - ০' উঁচু Guy mast pole tower স্থাপন।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, সোনালী ব্যাংক লিঃ, ঢাকা সেনানিবাস কর্পোরেট শাখার ডেপুটি জেনারেল ম্যানেজার ২.৫' ডায়া জিআই পাইপ দ্বারা ২০-০' এবং ২' ডায়া জিআই পাইপ দ্বারা ২০-০' মোট ৪০-০' উঁচু জিআই পাইপের টাওয়ার স্থাপনের অনুমতি চেয়ে অত্র দপ্তরে আবেদন করেছেন।

সিদ্ধান্ত : এ বিষয়ে পরবর্তী নির্দেশনার জন্য স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসে প্রস্তাবটি প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচী-১২ঃ মিরপুর ডিওএইচএস পরিষদ এর একজিকিউটিভ কমিটির সেক্রেটারী লেঃ কর্ণেল মোঃ শায়েরুজ্জামান (অবঃ) এর পদত্যাগ এবং জয়েন্ট সেক্রেটারী লেঃ কর্ণেল তালুকদার আলাউদ্দিন, পিএসসি, জি (অবঃ) এর সেক্রেটারী পদে মনোনয়ন।

আলোচনা : মিরপুর ডিওএইচএস কমিটির সেক্রেটারী লেঃ কর্ণেল মোঃ শায়েরুজ্জামান (অবঃ) গত ১৩ জুন, ২০১১ তারিখ হতে পদত্যাগ করেন। ডিওএইচএস কনস্টিটিউশন এর ১১(বি) ধারা মোতাবেক কমিটির জয়েন্ট সেক্রেটারী লেঃ কর্ণেল তালুকদার আলাউদ্দিন-কে গত ১৩ জুন, ২০১১ তারিখ হতে প্রেসিডেন্ট, মিরপুর ডিওএইচএস পরিষদ কর্তৃক নিয়োগ করা হয়। ডিওএইচএস পরিষদ কনস্টিটিউশন এর ধারা ১৬ মোতাবেক এ বিষয়ে ক্যান্টনমেন্ট বোর্ডসভার অনুমোদন প্রয়োজন।

সিদ্ধান্ত : ডিওএইচএস পরিষদ কনস্টিটিউশন এর ধারা ১৬ অনুযায়ী বিষয়টি অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-৭



আলোচ্যসূচী-১৩ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত :-

ক্রমিক নং	মালিকের নাম	প্লট নম্বর	এলাকার নাম	মন্তব্য
(১)	বিএ-২৮৭ ব্রিগেঃ জেনাঃ মোহাম্মদ সাখাওয়াত হোসেন (অবঃ)	২৩৮	মহাখালী ডিওএইচএস	সংশোধিত ০৬(ছয়) তলা ডবন (পুরাতন ২ তলা ডবন ভেঙ্গে নতুন ডবন নির্মাণ)

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, উপরোক্ত নকশাটি সেনানিবাস (ইমারত নির্মাণ) উপ-আইন মোতাবেক কারিগরীভাবে সঠিক আছে। নিয়ম মোতাবেক রাস্তার ক্ষতিপূরণ জমা সাপেক্ষে নকশা অনুমোদন করা যেতে পারে।

সিদ্ধান্ত : নিয়ম মোতাবেক রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ সাপেক্ষে নকশা অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৪ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন :-

ক্রমিক নং	কাজের বিবরণ	এমইএস সিডিউল অব রেইটস, ২০১০ মোতাবেক মূল্যানুমান	মন্তব্য
(১)	ক্যান্টনমেন্ট বোর্ড অফিস সংলগ্ন ৪র্থ শ্রেণীর স্টাফ কোয়ার্টারে পানির সংকট দূরীকরণের জন্য ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ১ নং রোড হতে নতুন পানির লাইন স্থাপন।	৪,৯২,৭৪২/- টাকা	বোর্ড ফাভ

আলোচনা : বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোল্লিখিত কাজের মূল্যানুমান এমইএস সিডিউল অনুযায়ী যথাযথভাবে প্রস্তুত করা হয়েছে এবং জরুরী ভিত্তিতে বাস্তবায়ন করা প্রয়োজন।

সিদ্ধান্ত : মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-১৫ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন :-

ক্রমিক নং	কাজের বিবরণ	অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১০ মোতাবেক	Responsive Tenderer	উদ্ধৃত দর	মন্তব্য
(১)	মুসলিম মডার্ণ একাডেমীর ক্ষতিগ্রস্ত পোর্চ স্রাব ভেঙ্গে নতুন পোর্চ স্রাব নির্মাণ।	১,৭০,০০০/- টাকা	মেসার্স ফরিদা ট্রেডার্স	১,৭৮,৪১৫/- টাকা	সংশ্লিষ্ট স্কুল তহবিল
(২)	শহীদ সরণিছ আদমজী ক্যান্টনমেন্ট কলেজের সম্মুখ হতে শহীদ মঈনুল রোডের পশ্চিম প্রান্ত পর্যন্ত জিআই পাইপের রোড ব্যারিয়ার নির্মাণ।	৪,১২,৪৪৩/- টাকা	মেসার্স চাঁন মিয়া ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ	৪,১২,৪৪৩/- টাকা	বোর্ড তহবিল
(৩)	আদর্শ বিদ্যালয়কেতন, মানিকদী স্কুলের বাহির সাইড ওয়েদার কোটকরণ।	২,০০,০০০/- টাকা	মেসার্স সরদার ট্রেডার্স	২,০০,০০০/- টাকা	সংশ্লিষ্ট স্কুল তহবিল
(৪)	মুসলিম মডার্ণ একাডেমীর প্রধান শিক্ষকের রুম ও কম্পিউটার ল্যাবে টাইলস স্থাপন, মেরামত ও রংকরণ কাজ।	১,৩২,৭৪৩/- টাকা	মেসার্স হাবিব ট্রেডিং	১,৩২,৭৪৩/- টাকা	সংশ্লিষ্ট স্কুল তহবিল

চলমান পাতা-৮



ক্রমিক নং	কাজের বিবরণ	অনুমোদিত মূল্যমান এমইএস সিডিউল অব রেইটস ২০১০ মোতাবেক	Responsive Tenderer	উদ্ধৃত দর	মন্তব্য
(৫)	মুসলিম মডার্ণ একাডেমীর টিচার্স কমনরুম ও পানি খাওয়ার স্থানে টাইলস স্থাপন ও মেরামত কাজ।	৮৮,২৯৯/- টাকা	মেসার্স হাবিব এন্ড সল কোং	৮৮,২৯৯/- টাকা	সংশ্লিষ্ট স্কুল তহবিল
(৬)	শহীদ সরণিহু গ্যারিসন বাস স্টপ হতে উত্তর দিকে সেনাকুঞ্জে প্রবেশ গেইট পর্যন্ত জিআই পাইপের ব্যয়িয়ারে দু'টি পাইপের পরিবর্তে ৩টি জিআই পাইপ স্থাপন কাজ।	৩,২৫,১৮৯/- টাকা	মেসার্স মনির এন্ড কোং	৩,২৫,১৮৯/- টাকা	বোর্ড তহবিল
(৭)	বীর বিক্রম জেনারেল মোস্তাফিজ সরণির সিএমটিডির পার্শ্বে পুকুরের পশ্চিম ও দক্ষিণ সাইডে প্যালাসাইডিং কাজ।	৮,২৫,০০০/- টাকা	মেসার্স আমিন ব্রাদার্স	৮,২৫,০০০/- টাকা	বোর্ড তহবিল

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোক্ত কাজগুলি সম্পাদনের জন্য দরপত্র আহ্বান করা হয় এবং গ্যারিসন ডিউটি অফিসার এর উপস্থিতিতে দরপত্র বাত্র খোলা হয়। প্রাপ্ত দরসমূহ Tender Evaluation Committee এর মতামতসহ সভায় বিস্তারিত আলোচনা করা হয়। পর্যালোচনান্তে Tender Evaluation Committee এর সুপারিশ অনুযায়ী দর অনুমোদন করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : বিস্তারিত পর্যালোচনান্তে উপরোল্লিখিত কাজের দরগুলো নিম্নবর্ণিতভাবে অনুমোদন করা হলো :-

ক্রমিক নং	অনুমোদিত দর	মন্তব্য
(১)	১,৭৮,৪১৫/- টাকা	
(২)	৪,১২,৪৪৩/- টাকা	
(৩)	২,০০,০০০/- টাকা	
(৪)	১,৩২,৭৪৩/- টাকা	
(৫)	৮৮,২৯৯/- টাকা	
(৬)	৩,২৫,১৮৯/- টাকা	
(৭)	৮,২৫,০০০/- টাকা	

প্রকল্পগুলোর ব্যয়ের অনুমোদনসহ চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে কাগজাদি প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-১৬ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদের সামনে রমজান মাসে মুসল্লীদের জুম্মার নামাজ আদায় এবং ঈদ উল ফিতর উপলক্ষে ঈদগাহ মাঠে প্যাভেল, ২টি গেইট ও ইমাম সাহেবের মিম্বার তৈরী।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদের সামনে রমজান মাসে মুসল্লীদের জুম্মার নামাজ আদায়ের জন্য প্যাভেল তৈরী ও আসন্ন ঈদ উল ফিতর উপলক্ষে ঈদগাহ মাঠে ১৮০ - ০' X ১৩০ - ০' জায়গার ত্রিভুজ, ম্যাট ও চাদরের বিছানা এবং ০২(দুই)টি গেইটসহ ইমাম সাহেবের জন্য মিম্বার তৈরী করা প্রয়োজন। উক্ত কাজের জন্য আনুমানিক ৪৫,০০০/- (পঁয়তাল্লিশ হাজার) টাকা ব্যয় হতে পারে। বাজেটে মসজিদের নৈমিত্তিক খাতে উক্ত অর্থ বরাদ্দ করা আছে।

সিদ্ধান্ত : দরপত্র আহ্বানপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।



আলোচ্যসূচী-১৭ঃ সেনাভবনের সুবজ লনের জন্য ৯ ট্রাক সিলেট বালু সরবরাহ।

আলোচনা : বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, সেনা ভবনের সুবজ লনের জন্য ০৯ (নয়) ট্রাক সিলেট বালু সরবরাহের জন্য সেনা বাহিনী প্রধানের সচিবালয় হতে চাহিদা প্রেরণ করা হয়েছে। ০৯ (নয়) ট্রাক সিলেট বালু সরবরাহের জন্য ৬১,২০০/- (একষট্টি হাজার দুইশত) টাকা ব্যয় হবে।

সিদ্ধান্ত : আর্মি কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

১৮ বিবিধ-১ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের ৩টি গ্রুপ টয়লেট ইজারার দর অনুমোদন।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটের ০৩ টি গ্রুপ টয়লেট ০১/৮/২০১১ তারিখ হতে ৩১/৭/২০১২ তারিখ পর্যন্ত সময়ের জন্য ইজারা প্রদানের নিমিত্তে 'দৈনিক ইন্ডেফাক' ও 'দৈনিক সমকাল' পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে ২৫/৭/২০১১ তারিখে দরপত্র আহ্বান করা হলে উক্ত তারিখে ০৫ (পাঁচ) টি দরপত্র পাওয়া যায়। প্রাপ্ত দরসমূহ নিম্নরূপঃ-

ক্রমিক নং	দরদাতার নাম	প্রদত্ত দর
১।	মেসার্স মেহেদী এন্টারপ্রাইজ	৬,২০,০০০/-
২।	মেসার্স তাহসিন এন্টারপ্রাইজ	প্রদত্ত দর অংক ও কথায় গড়মিল (অংকে-৭১,০২১/-টাকা, কথায়-সাতলক্ষ এক হাজার একশ টাকা)
৩।	জনাব মোঃ মতিবুর রহমান	৫,১০,০০০/-
৪।	জনাব মোঃ জাহাঙ্গীর	৩,৮০,০০০/-
৫।	নামবিহীন	৪,৫০,০০০/-

উক্ত গ্রুপ টয়লেট ইজারার বিগত ০৩ বছরের অনুমোদিত ইজারা দর নিম্নরূপঃ-

সন	অনুমোদিত দর
২০০৮-২০০৯	৬,২০,০০০/-
২০০৯-২০১০	৪,৮৫,১০০/-
২০১০-২০১১	৭,৯০,৮৩৫/-

গত অর্থ বছরে প্রাপ্ত সর্বোচ্চ দরের চেয়ে বর্তমান বছরে প্রাপ্ত সর্বোচ্চ দর অনেক কম বিধায় পুনঃদরপত্র আহ্বান করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : গ্রুপ টয়লেট ইজারার নিমিত্ত পুনঃ দরপত্র আহ্বান করতে হবে। ইজারা প্রদানের পূর্ব পর্যন্ত বোর্ডের তত্ত্বাবধানে টয়লেটগুলো পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

১৮ বিবিধ-২ঃ গত ১২ মে, ২০১১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৩৬বিবিধ(১০) এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে ঠিকাদার তালিকাভুক্তি সংক্রান্ত কমিটির প্রতিবেদন এবং সুপারিশ।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঠিকাদার তালিকাভুক্তির জন্য গত ০৪ জুলাই, ২০১১ তারিখ পর্যন্ত মোট ৩০ টি আবেদন পাওয়া গিয়েছে। নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে তাদেরকে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে তালিকাভুক্ত করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে সংশ্লিষ্ট আবেদনকারী ফার্মসমূহকে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে ঠিকাদার হিসেবে তালিকাভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হলো।



১৮বিবিধ-৩ঃ

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নবর্ণিত মেরামত/প্রকল্পসমূহ সফলভাবে সমাপ্তির পর ০১(এক) বছর অতিক্রান্ত হওয়ায় জামানত হিসেবে জমাকৃত অর্থ ফেরত দেয়ার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত ৪-

ক্রমিক নং	কাজের বিবরণ	জামানত হিসেবে জমাকৃত টাকার পরিমাণ	ঠিকাদারী কার্মের নাম
(১)	মিরপুর ডিওএইচএস এলাকার ২য় ধাপের ৪ - ০' ডায়া আরসিসি পাইপ ড্রেন (প্লট নং- ৬১৮ হতে ৯১৬ পর্যন্ত পশ্চিম পার্শ্ব) নির্মাণ কাজ।	২,৭৪,৪০৪/- টাকা	মেসার্স সরদার টেক এন্ড ইঞ্জিনিয়ারিং
(২)	মিরপুর ডিওএইচএস এলাকার ২য় ধাপের ৪ - ০' ডায়া আরসিসি পাইপ ড্রেন (প্লট নং- ৬১৮ হতে ৯১৬ পর্যন্ত পূর্ব পার্শ্ব) নির্মাণ কাজ।	৩,০১,৪৮৮/- টাকা	মেসার্স একটিভ এন্টারপ্রাইজ
(৩)	মিরপুর ডিওএইচএস এলাকার ১ম ধাপের প্লট নং- ১২১ হতে ৬১৮ পর্যন্ত) জলাবদ্ধতা দূরীকরণের জন্য Storm sewer (আরসিসি পাইপ ড্রেন ৪ - ০' ডায়া) স্থাপন কাজ।	৮,২৯,৪২৯/- টাকা	মেসার্স আলী কনস্ট্রাকশন এন্ড সাপ্লাইয়ার্স
(৪)	মিরপুর ডিওএইচএস এলাকার ১ম ধাপের প্লট নং- ১২১ হতে ৬১৮ পর্যন্ত জলাবদ্ধতা দূরীকরণের জন্য Storm sewer (আরসিসি পাইপ ড্রেন ৪ - ০' ডায়া) স্থাপনের অতিরিক্ত কাজ।	২১,১৭৭/- টাকা	মেসার্স আলী কনস্ট্রাকশন এন্ড সাপ্লাইয়ার্স
(৫)	মিরপুর ডিওএইচএস এলাকার পশ্চিম পার্শ্বে ১৩ নং রোড (৫৫৫ নং প্লট সংলগ্ন) নির্মাণ কাজ।	১,৩৪,৯২২/- টাকা	মেসার্স নির্মাণ কনস্ট্রাকশন
(৬)	মিরপুর ডিওএইচএস এলাকার ৬০ - ০' রাস্তার আংশিক ধরসে যাওয়া অংশ মেরামত কাজ।	৪০,২৬০/- টাকা	মেসার্স ইমেল এন্টারপ্রাইজ
(৭)	মহাখালী ডিওএইচএস এলাকার পার্ক এবং মসজিদ এলাকার রাস্তাসমূহ মেরামত ও কার্পেটিং কাজ।	১,৭৩,৫৯৭/- টাকা	মেসার্স মহি এন্ড ব্রাদার্স

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনাক্রমে জানা যায় যে, উপরোল্লিখিত মেরামত/প্রকল্পগুলো সফলভাবে সমাপ্তির ০১(এক) বছর অতিক্রান্ত হয়েছে এবং ব্যবহারকারী/উপকারভোগী এ বিষয়ে প্রত্যয়ন প্রদান করেছেন বিধায় জামানত হিসেবে জমাকৃত টাকা ফেরত দেয়া যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : উপরোল্লিখিত প্রকল্প ০৭(সাত) টি প্রকল্পের বিপরীতে জামানত হিসেবে জমাকৃত টাকা ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। তবে ভবিষ্যতে এ ব্যাপারে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারকে ক্ষমতা প্রদান করা হলো।

১৮বিবিধ-৪ : রজনীগন্ধা সুপার মার্কেটের পাকা ব্লকের ছাদের উপর গ্রামীণ ফোন লিঃ এর বিটিএস স্থাপনের চুক্তিপত্র।

আলোচনা : বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, গ্রামীণ ফোন লিঃ কর্তৃক রজনীগন্ধা সুপার মার্কেটের পাকা ব্লকের ছাদের উপর একটি বিটিএস স্থাপনের চুক্তিপত্র সম্পাদনের জন্য ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে আবেদন করা হয়েছে। উক্ত এলাকায় মোবাইল নেটওয়ার্ক অত্যন্ত দুর্বল বিধায় এ মুহূর্তে কার্যক্রম চালুর জন্য বিদ্যুৎ সংযোগ প্রদান করে শীঘ্রই চুক্তিপত্র সম্পাদন করে বিষয়টি নিয়মিত করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : জরুরী ভিত্তিতে বিদ্যুৎ সংযোগ প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হলো। পরবর্তীতে চুক্তিপত্র অনুযায়ী কার্যক্রম অব্যাহত থাকবে।



১৮বিবিধ-৫ : ডিওএইচএসসমূহে বিভিন্ন প্রকার চাঁদা উত্তোলন ও অননুমোদিত নির্মাণ।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা সেনানিবাসের বিভিন্ন ডিওএইচএস এলাকায় সংশ্লিষ্ট ডিওএইচএস পরিষদ কর্তৃক ক্যান্টনমেন্ট বোর্ড/সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে (ক) ভাড়াটিয়া/বাড়ীর মালিকদের নিকট হতে বিভিন্ন হারে রশিদের মাধ্যমে চাঁদা আদায় করা হচ্ছে; (খ) ডিওএইচএস এর বিভিন্ন কর্ণার/ উন্মুক্ত স্থানে ক্যান্টনমেন্ট বোর্ড/সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে বিভিন্ন ধরনের স্থাপনা নির্মাণ করা হচ্ছে; (গ) নির্ধারিত ফি আদায়ের মাধ্যমে ডিওএইচএস এর ভিতর রিকশা চলাচলের অনুমতি/লাইসেন্স প্রদান করা হচ্ছে। এছাড়াও নির্ধারিত সীমা অতিক্রম করে রাস্তার উপর র‍্যাম্প তৈরী করে রাস্তার প্রশস্ততা কমিয়ে ফেলা হয়েছে। বিষয়গুলোতে প্রচলিত আইন যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে না মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য বিষয়টি সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটির পরবর্তী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

১৮বিবিধ-৬ : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন :-

ক্রমিক নং	কাজের বিবরণ	এমইএস সিডিউল অব রেইটস, ২০১০ মোতাবেক মূল্যানুমান	মন্তব্য
(১)	বীর বিক্রম জেনারেল মুস্তাফিজ সরণি সংলগ্ন সিএমটিডি পুকুরের পূর্ব এবং উত্তর পার্শ্ব প্যালাসাইডিং কাজ।	৬,৮৯,৭৮২/- টাকা	বোর্ড ফাউ
(২)	মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের প্লট নং- ১০৬৯ হতে দক্ষিণ দিকে প্লট নং-১১০৩ পর্যন্ত আরসিসি পাইপ ড্রেন নির্মাণ।	১,৬৩,১৩৪/- টাকা	মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোল্লিখিত মূল্যানুমানগুলো এমইএস সিডিউল অনুযায়ী যথাযথভাবে প্রস্তুত করা হয়েছে এবং জরুরী ভিত্তিতে বাস্তবায়ন করা প্রয়োজন।

সিদ্ধান্ত : উপরোল্লিখিত কাজে মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

১৮বিবিধ-৭ : রজনীগন্ধা সুপার মার্কেটস্থ কার পার্কিং প্রতিমাসে ১৫,০০০/- (পনের হাজার) টাকার পরিবর্তে ১৮,০০০/- (আঠার হাজার) নেওয়ার জন্য আবেদন।

আলোচনা : বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটস্থ কার পার্কিং এর জায়গা হতে প্রতিদিন ৫০০/- টাকা করে রজনীগন্ধা সুপার মার্কেট কমিটি ফাউন্ডে জমা করা হচ্ছে। জনাব মোঃ এনায়েত শিকদার ২৭ জুলাই, ২০১১ তারিখের এক আবেদনে উক্ত কার পার্কিং স্থান প্রতি দিন ৬০০/- টাকা হারে এবং জনাব মোঃ আঃ বাতেন ২৮ জুলাই, ২০১১ তারিখের আবেদনে উক্ত কার পার্কিং স্থান প্রতি দিন ৭০০/- টাকা হারে টোল দিয়ে গ্রহণ করার ইচ্ছা প্রকাশ করেন। সে হিসেবে প্রতি মাসে কার পার্কিং এর টোল ফি ২১,০০০/- টাকা হয়। বিষয়টির উপর বিস্তারিত পর্যালোচনান্তে কার পার্কিং স্থানটি যোগ্য ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট নির্ধারিত শর্তাবলী পালন সাপেক্ষে ইজারা প্রদান করা সমীচীন মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার রজনীগন্ধা সুপার মার্কেটস্থ কার পার্কিং স্থানটি ইজারা প্রদানের নিমিত্তে যোগ্য ব্যক্তি/প্রতিষ্ঠান নির্বাচন করবেন।



১৮ বিবিধ-৮ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন :-

ক্রমিক নং	কাজের বিবরণ	অনুমোদিত মূল্যাদুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১০ মোতাবেক	Responsive Tenderer	উদ্ধৃত দর	মন্তব্য
(১)	শহীদ সরণির সাইন বোর্ড, রোড মার্কিং, রডের জালী নির্মাণ এবং অন্যান্য মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ।	৮৯,৮৩৭/- টাকা	মেসার্স চাঁন মিয়া ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ	৮৯,৮৩৭/- টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোক্ত কাজটি সম্পাদনের জন্য দরপত্র আহ্বান করা হয় এবং গ্যারিসন ডিউটি অফিসার এর উপস্থিতিতে দরপত্র বাস্তব খোলা হয়। প্রাপ্ত দরসমূহ Tender Evaluation Committee এর মতামতসহ সভায় বিস্তারিত পর্যালোচনাতে অনুমোদন করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : বিস্তারিত পর্যালোচনাতে উপরোল্লিখিত কাজের দরগুলো নিম্নবর্ণিতভাবে অনুমোদন করা হলো :-

ক্রমিক নং	অনুমোদিত দর	মন্তব্য
(১)	৮৯,৮৩৭/- টাকা	

উক্ত কাজের কার্যাদেশ প্রদানপূর্বক কাজটি সম্পন্ন করা হোক।

১৮বিবিধ-৯ঃ এনজিও'র মাধ্যমে সেনানিবাসস্থ সকল আবাসিক এলাকা হতে ময়লা-আবর্জনা সংগ্রহ।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা সেনানিবাসের আবাসিক এলাকা ও ইউনিট এলাকা এবং বাজার এলাকা হতে সংগ্রহকৃত ময়লা-আবর্জনা ধামালকোটস্থিত নিচু এলাকায় ফেলা হচ্ছে। উক্ত ময়লা-আবর্জনা রিসাইক্লিং এর মাধ্যমে জৈব সারে রূপান্তর করার জন্য মাটি ডোমেইন এর মালিক জনাব মোঃ খায়রুল আলম ভূঁইয়া অত্র দপ্তরে আবেদন করেন। ময়লা-আবর্জনা বাছাই করে পঁচনশীল ও শুকনা ময়লা-আবর্জনা আলাদা করার জন্য ১/২ টি টিনের শেড এবং উক্ত কাজের জন্য ৫/৬ জন লোক নিয়োগ করা হবে মর্মে জানানো হয়েছে। বাস্তবায়নের প্রক্রিয়াটি বিস্তারিতভাবে উল্লেখপূর্বক আগামী বোর্ডসভায় স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব উত্থাপন করা যেতে পারে।

সিদ্ধান্ত : সেনানিবাসের ময়লা-আবর্জনা হতে জৈব সার তৈরীর সার্বিক প্রক্রিয়া বিস্তারিতভাবে উল্লেখপূর্বক একটি স্বয়ং সম্পূর্ণ প্রস্তাব আগামী বোর্ডসভায় উপস্থাপন করা হোক।

১৮ বিবিধ-১০ঃ ময়লা আবর্জনা সংগ্রহের জন্য অটোমেটিক রোড সুইপিং ও ভ্যাকুয়াম ক্লিনার ক্রয়।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা সেনানিবাসের আয়তন ও কলেবর পূর্বের তুলনায় অনেক বৃদ্ধি পেয়েছে। সে সাথে পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রমও বৃদ্ধি পেয়েছে। কিন্তু এ বিশাল এলাকা পরিষ্কার করার জন্য প্রচুর লোকবল নিয়োগ করতে হয় যা অত্যন্ত ব্যয়বহুল এবং অনেক সময় নির্ধারিত সময়ে তা সম্পন্ন করা যায় না। তাই সঠিকভাবে নির্ধারিত সময়ে রাস্তাঘাট/পাবলিক এরিয়া পরিষ্কার-পরিচ্ছন্ন করার জন্য অটোমেটিক রোড সুইপার ও ভ্যাকুয়াম ক্লিনার সংগ্রহ/ক্রয় করা যেতে পারে।

সিদ্ধান্ত : ঢাকা সিটি কর্পোরেশন হতে ০৩(তিন) মাসের জন্য একটি অটোমেটিক রোড সুইপার সরবরাহ করার জন্য পত্র প্রদান করা হোক। এছাড়াও রোড সুইপার ও ভ্যাকুয়াম ক্লিনার ক্রয়ের জন্য স্পেসিফিকেশন ও দরপত্র সংগ্রহ করে পরবর্তী বোর্ড সভায় উপস্থাপন করা হোক।

চলমান পাতা-১৩



১৮ বিবিধ-১১ঃ ঘাস কাটার মেশিন ক্রয়।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, বর্তমানে ঢাকা সেনানিবাসে ঘাস কাটার জন্য যে পরিমাণ মেশিন রয়েছে তা যথেষ্ট নয়। প্রায়শঃই বিভিন্ন এলাকার ঘাস বড় হয়ে ঝোপ ঝাড়ের সৃষ্টি হচ্ছে। এছাড়া ম্যানুয়ালি ঘাস কাটার কারণে প্রচুর সময় এবং লোকবল দরকার হয়। তাই অবিলম্বে পাওয়ার টিলারের সাথে সংযুক্ত ১টি, ট্রাক্টর এর সাথে সংযুক্ত ২টি এবং ১০টি হ্যান্ড হেল্ড ঘাস কাটার মেশিন ক্রয় করা প্রয়োজন।

সিদ্ধান্ত : জরুরী ভিত্তিতে পাওয়ার টিলারের সাথে সংযুক্ত ১টি, ট্রাক্টর এর সাথে সংযুক্ত ২টি এবং ১০টি হ্যান্ড হেল্ড ঘাস কাটার মেশিন ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হলো। দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

১৮ বিবিধ-১২ঃ ডিওএইচএসসমূহের পয়েন্ট :

বনানী ডিওএইচএস :

আলোচ্যসূচী-১ঃ সৈনিক ক্লাবের পূর্ব পার্শ্বে দোকান করার জন্য বরাদ্দকৃত ৮০' X ৩০' জায়গায় দোকান নির্মাণের সময় যাতে বনানী ডিওএইচএস এর সংযোগ রাস্তায় (বর্তমানে বন্ধ) কোন প্রতিবন্ধকতা সৃষ্টি না হয়।

সিদ্ধান্ত : এ বিষয়ে স্থান বরাদ্দকারী ইউনিট-কে পত্র প্রদান করা হোক।

আলোচ্যসূচী-২ঃ ওয়াসার পাম্প হাউস সংলগ্ন স্থানে সিকিউরিটি লাইট স্থাপন।

সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট বোর্ড প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

মহাখালী ডিওএইচএস

আলোচ্যসূচী-১ঃ মহাখালী ডিওএইচএস এলাকায় কুকুরের উপদ্রব।

সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক পর পর ৩ দিন ব্যাপকভাবে কুকুর নিধন কার্যক্রম পরিচালনা করা হবে।

আলোচ্যসূচী-২ঃ মহাখালী ডিওএইচএস এলাকায় মশক নিধন।

সিদ্ধান্ত : মহাখালী ডিওএইচএস এলাকায় স্টেশন হেলথ অর্গানাইজেশন কর্তৃক নিয়মিত মশক নিধন কার্যক্রম পরিচালনা করা হবে।

আলোচ্যসূচী-৩ঃ সিএসডি পরিচালনা, ওয়াসার ময়লা পানি ও ডিওএইচএস এর ৩টি গেইট রংকরণ।

সিদ্ধান্ত : ৩৮ নং বাড়ীতে অস্থায়ীভাবে (শপিং কমপ্লেক্স নির্মাণ না হওয়া পর্যন্ত) সিএসডি পরিচালনার অনুমতি প্রদান করা যেতে পারে। ওয়াসার ময়লা পানির ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পত্র প্রদান করা হোক। মহাখালী ডিওএইচএস এর গেইট ৩টি ক্যান্টনমেন্ট বোর্ড রং করার ব্যবস্থা নিবে।

বারিধারা ডিওএইচএস

আলোচ্যসূচী-১ঃ রাস্তার কাজ শুরুকরণ।

সিদ্ধান্ত : সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর হতে অনুমোদন প্রাপ্তির পর কাজ শুরু করা হবে।



আলোচ্যসূচী-২ঃ কনভেনশন সেন্টারের প্রবেশ পথ এবং বিদ্যুত সংযোগ।

সিদ্ধান্ত : বিদ্যুত সংযোগের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সংগে যোগাযোগ করা হচ্ছে। অচিরেই সংযোগ পাওয়া যাবে।

মিরপুর ডিওএইচএস

আলোচ্যসূচী-১ঃ প্রধান সড়কে স্পীড ব্রেকার স্থাপন।

সিদ্ধান্ত : এ ব্যাপারে ডিওএইচএস পরিষদ হতে সুনির্দিষ্ট মতামত গ্রহণ করে ১৬ ইসিবি-কে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হোক।

আলোচ্যসূচী-২ঃ মিরপুর ডিওএইচএস এলাকার এইচটি লাইন পুনর্বিন্যাসকরণ।

সিদ্ধান্ত : ট্রায়াল শেপে টানানো মিরপুর ডিওএইচএস এলাকার এইচটি লাইনগুলো হরিজন্টাল শেপে টানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করা হোক।

আলোচ্যসূচী-৩ঃ মিরপুর ডিওএইচএস এর সিকিউরিটি গার্ড ব্যারাক নির্মাণ।

সিদ্ধান্ত : স্থান নির্বাচন চূড়ান্ত হলে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

আলোচ্যসূচী-৪ঃ মিরপুর ডিওএইচএস এর ভিতর দিয়ে অবৈধ যাতায়াত নিয়ন্ত্রণ।

সিদ্ধান্ত : সংশ্লিষ্ট স্থানগুলোতে বাউন্ডারী ওয়াল উঁচু করাসহ কাঁটা তার স্থাপনের কার্যক্রম গ্রহণ করা হোক।

আলোচ্যসূচী-৫ঃ মোবাইল ফোনের বিটিএস স্থাপন।

সিদ্ধান্ত : মিরপুর ডিওএইচএস এলাকায় ছয়টি মোবাইল ফোন কোম্পানীর বিটিএস স্থাপনের কাজ চলছে।

আলোচ্যসূচী-৬ঃ মিরপুর ডিওএইচএস এর ২য় মসজিদ (সরকার বাড়ী মসজিদ) এর টিনের চালা মেরামত।

সিদ্ধান্ত : ডিওএইচএস পরিষদ হতে সুনির্দিষ্ট প্রস্তাব পাওয়া গেলে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

আলোচ্যসূচী-৭ঃ মিরপুর ডিওএইচএস এর প্রধান সড়কে নিরাপত্তা বাতি স্থাপন।

সিদ্ধান্ত : এ ব্যাপারে ১৬ ইসিবি-কে অনুরোধ জানানো হোক।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(সেখ আব্দুল হোসেন)  
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড

ও

ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার  
ঢাকা ক্যান্টনমেন্ট।

(ব্রিগেডিয়ার জেনারেল তানভির হোসেন মজুমদার)  
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড

ও

স্টেশন কমান্ডার  
ঢাকা সেনানিবাস।



সভায় উপস্থিত সদস্যবৃন্দ

- |     |   |           |
|-----|---|-----------|
| (১) | ক্যাপ্টেন এম মোজাম্মেল হক, পিএসসি, বিএন, অধিনায়ক, বিএনএস হাজী মহসিন, ঢাকা সেনানিবাস ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।                              | উপস্থিত   |
| (২) | স্কোয়াড্রন লীডার ওবায়দুর রহমান, প্রতিনিধি, অধিনায়ক (প্রশাসনিক শাখা) বিমানবাহিনী ঘাঁটি বাশার, ঢাকা সেনানিবাস ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।    | উপস্থিত   |
| (৩) | লেঃ কর্ণেল আতিকুল হক চৌধুরী, সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।  | উপস্থিত   |
| (৪) | মেজর মোঃ মসিউর রহমান, এএমসি, স্টেশন হেলথ অফিসার, প্রতিনিধি, কমান্ড্যান্ট সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত   |
| (৫) | ব্রিগেডিয়ার জেনারেল (অবঃ) মোঃ মোতাহার হোসেন বাড়ী#১৮৬, লেন#২, ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।                  | অনুপস্থিত |
| (৬) | জনাব হেলাল উদ্দিন আহমেদ, বাড়ী#১৯, রোড#৩, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।                               | উপস্থিত   |
| (৭) | শাহে এলিদ মাইনুল আমিন, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট জেলা প্রশাসক এর কার্যালয়, ঢাকা ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।                    | অনুপস্থিত |

এছাড়া সভায় বিশেষ আমন্ত্রণে উপস্থিত ছিলেন প্রতিনিধি, বনানী ডিওএইচএস পরিষদ, লেঃ কর্ণেল আলাউদ্দিন গাজী (অবঃ), সেক্রেটারী, মহাখালী ডিওএইচএস পরিষদ, লেঃ কর্ণেল মোঃ শামসুল ইসলাম (অবঃ), জয়েন্ট সেক্রেটারী, বারিধারা ডিওএইচএস পরিষদ এবং লেঃ কর্ণেল তালুকদার আলাউদ্দিন, পিএসসি, জি (অবঃ), সেক্রেটারী, মিরপুর ডিওএইচএস পরিষদ।

